বাজেট=২০২২৩৮০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
বাজেট-১ শাখা
www.mhapsd.gov.bd

বিষয় : ১৩/০৪/২০২৩ তারিখ অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ, সচিব, জননিরাপত্তা বিভাগ।
স্থান : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় : ১৩/০৪/২০২৩ খ্রি: ১২.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব ও সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) কে আহবান জানানো হয়।

০২। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) জনাব বিকাশ বিশ্বাস জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও আদায় এবং উন্নয়ন ও পরিচালন খাতে প্রস্তাবিত বাজেটের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থবছরের প্রক্ষেপণ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৩। সভায় উপস্থাপিত প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা হয়। জননিরাপত্তা বিভাগের পরিকল্পনা অনুবিভাগ, অধিদপ্তরের কর্মকর্তাগণসহ অর্থ বিভাগের প্রতিনিধি আলোচনায় অংশগ্রহণ করেন। ২০২৩-২০২৪ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রস্তাবিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব অর্জনের সর্বোচ্চ প্রচেষ্টা করা হবে মর্মে অধিদপ্তরের কর্মকর্তাগণ তাদের বক্তব্যে উল্লেখ করেন। বাংলাদেশ পুলিশের আন্তর্জাতিক শান্তি মিশনের কন্টিনজেন্ট কমে যাওয়ায় রাজস্ব আয়ের পরিমাণ কম হলেও নতুন নতুন ক্ষেত্র চিহ্নিতকরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী সিলিং অর্জনের জন্য চেষ্টা অব্যাহত রয়েছে মর্মে পুলিশ অধিদপ্তরের প্রতিনিধি উল্লেখ করেন।

০৪। সভাপতি চলমান আর্থিক অবস্থাসহ সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসূ কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলকে আহবান জানান। অর্থ বিভাগ কর্তৃক আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

০৫। <u>সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়</u> :

১ আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতের বাজেট প্রাক্কলন এবং প্রণয়নে অর্থ বিভাগের পরিপত্র ও নির্দেশনাসমূহ প্রতিপালন করতে হবে;

৫.২ ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন প্রাক্কলন এবং ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, পরিচালন ও উন্নয়ন প্রক্ষেপণ এর বাজেট অর্থ বিভাগের বাজেট পরিপত্র-২ এর নির্দেশনার আলোকে আগামী ২৭/০৪/২০২২ তারিখের মধ্যে Ibas++ এ এন্ট্রি প্রদান নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়;

৫.৩ জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ তাদের বার্ষিক ক্রয় পরিকল্পনা আগামী ৩১/০৭/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করবে;

৫.৪ ভুমি উন্নয়ন কর, বিদ্যুৎ বিলসহ বিভিন্ন সরকারি পাওনা শতভাগ পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৫.৫ আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতের বাজেট প্রাক্কলন এবং ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থবছরের প্রক্ষেপণের বিভাজন নিম্নবর্ণিত ছক ক, খ ও গ মোতাবেক সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন/প্রক্ষেপণ</u> <u>(অংকসমূহ হাজার টাকায়)</u>

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা | ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন | ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ | ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১৫,৪১,৩৪ | ১৬,৯৫,৪৮ | ১৮,৬৫,৩২ | ২০,৫১,২৬, |
| ২ | বাংলাদেশ পুলিশ | ৭৭২,৮৩,৬৬ | ৮৫০,১২,০২ | ৯৩৫,১৩,২৩ | ১০২৮,৬৪,৫৫ |
| ৩ | বর্ডার গার্ড বাংলাদেশ | ২৫,১১,০০ | ২৭,৬২,১০ | ৩০,৩৮,৩১ | ৩৩,৪২,১৪ |
| ৪ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৩,০০,০০ | ৩,৩০,০০ | ৩,৬৩,০০ | ৩,৯৯,৩০ |
| ৫ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ১৫,৩৪,০০ | ১৬,৮৭,৪০ | ১৮,৫৬,১৪ | ২০,৪১,৭৫, |
| | সর্বমোট রাজস্ব প্রাপ্তি | ৮৩১,৭০,০০ | ৯১৪,৮৭,০০ | ১০০৬,৩৬,০০ | ১১০৬,৯৯,০০ |

চলমান পাতা-২

বাজেট=২০২২৩৬১



ছক-খ

পরিচালন ও উন্নয়ন ব্যয়সীমা প্রাক্কলন (অংকসমূহ হাজার টাকায়)

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট পরিচালন | ২০২২-২০২৩ অর্থবছরের বাজেট উন্নয়ন | ২০২২-২০২৩ অর্থবছরের সর্বমোট পরিচালন ও উন্নয়ন বাজেট | ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত ব্যয়সীমা/প্রাক্কলন পরিচালন | ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত ব্যয়সীমা/প্রাক্কলন উন্নয়ন | ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত ব্যয়সীমা/প্রাক্কলন পরিচালন ও উন্নয়ন |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১৮০,৫৩,০০ | ১২৯,৯৮,০০ | ৩১০,৫১,০০ | ১১৩,৩২,০০ | ৮২,০০,০০ | ১৯৫,৩২,০০ |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১১,০০ | - | ১১,০০ | ১১.০০ | - | ১১,০০ |
| ৩ | তদন্ত সংস্থা | ১১,০০,০০ | - | ১১,০০,০০ | ১১,০৫,০০ | - | ১১,০৫,০০ |
| ৪ | এনটিএমসি | ২৭৩,৯৭,০০ | - | ২৭৩,৯৭,০০ | ২৮২,৪৭,০০ | - | ২৮২,৪৭,০০ |
| ৫ | ইন্টারপোল | ৮০,০০ | - | ৮০,০০ | ১,৫০,০০ | - | ১,৫০,০০ |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৫৯০২,৬২,১৮ | ১১২৩,০৭,০০ | ১৭০২৫,৬৯,১৮ | ১৬৫৫৭,০০,০০ | ১১৩৩.৭২,০০ | ১৭৬৯০,৭২,০০ |
| ৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৩৮৯৮,৫৭,৪৩ | ১৯৭,৪৮,০০ | ৪০৯৬,০৫,৪৩ | ৪০৭৭,২৬,০০ | ১৭৯,৩২,০০ | ৪২৫৬,৫৮,০০ |
| ৮ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৭১৪,৪১,০০ | ১৬৩,২০,০০ | ৮৭৭,৬১,০০ | ৭৪০,০২,০০ | ২৮৬,০২,০০ | ১০২৬,০৪,০০ |
| ৯ | আনসার ও ভিডিপি | ১৯৯৮,২৬,৪২ | ০ | ১৯৯৮,২৬,৪২ | ২০৭২,৪০,০০ | ৩৫,০০,০০ | ২১০৭,৪০,০০ |
| | মোট= | ২২৯৮০,২৮,০৩ | ১৬১৩,৭৩,০০ | ২৪৫৯৪,০১,০৩ | ২৩৮৫৫,১৩,০০ | ১৭১৬,০৬.০০ | ২৫৫৭১,১৯,০০ |

ছক-গ

পরিচালন ও উন্নয়ন খাতে প্রস্তাবিত ব্যয়সীমা/প্রক্ষেপণ (অংকসমূহ হাজার টাকায়)

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২৪-২০২৫ অর্থবছরের পরিচালন বাজেট | ২০২৪-২০২৫ অর্থবছরের উন্নয়ন বাজেট | ২০২৪-২০২৫ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন বাজেট | ২০২৫-২০২৬ অর্থবছরের পরিচালন বাজেট | ২০২৫-২০২৬ অর্থবছরের উন্নয়ন বাজেট | ২০২৫-২০২৬ অর্থবছরের পরিচালন ও উন্নয়ন বাজেট |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ২০৯,০৩,৩৩ | ১৩২,৬২,২৮ | ৪৪১,৩৯,৩৯ | ২৪২,৪০,০২ | ১২৫,০৫,৩২ | ৩৬৭,৪৬,৩৪ |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১১,০০ | - | ১১,০০ | ১১,০০ | - | ১১,০০ |
| ৩ | তদন্ত সংস্থা | ১২,৬০,০০ | - | ১২,৬০,০০ | ১৩,৪৮,২০ | - | ১৩,৪৮,২০ |
| ৪ | এনটিএমসি | ২৯১,৭৭,৮০ | - | ২৯১,৭৭,৮০ | ৩০৭,২০,২৫ | - | ৩০৭,২০,২৫ |
| ৫ | ইন্টারপোল | ১,৫০,০০ | - | ১,৫০,০০ | ১,৫০,০০ | - | ১,৫০,০০ |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৭৫৪৮,১০,৬৭ | ১২৫৫.৮৭,৩০ | ১৯০৩৮,৯৭,৯৭ | ১৮৫২৭,৯২,৪৩ | ১৩৪৩,৭৮,৪১ | ১৯৮৭১,৭০,৮৪ |
| ৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৪৩০০,০৯,৬৫ | ২১০,৩১,৬২ | ৪৫৮০,৪১,২৭ | ৪৫৭৬,০০,০৩ | ২২৫,০৩,৮৩ | ৪৮০১,০৩,৮৬ |
| ৮ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৮০৪,৫০,৬৬ | ১৭৯,৯২,৮০ | ৯৮৫,৬৪,৬৮ | ৮৬৩,৬৬,৯৮ | ১৮৮,৯২,৪৪ | ১০৫২,৫৯,৪২ |
| ৯ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ২১৪২,৫৫,৮৯ | ৪২,০০,০০ | ২২৩৪,৫৫,৮৯ | ২৩২১,৯৩,০৯ | ৪৯,০০,০০ | ২৩৭০,৯৩,০৯ |
| | সর্বমোট = | ২৫৩১০,২৯,০০ | ১৮২০,৭৪,০০ | ২৭১৩১,০৩,০০ | ২৬৮৫৪,২২.০০ | ১৯৩১,৮০,০০ | ২৮৭৮৬,০৩,০০ |

০৯। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি, জননিরাপত্তা বিভাগ।

বাজেট=২০২২৩৬২

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.২০.০০১.২০২৩-

তারিখঃ ০৫ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

১। ------------------------------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব,আসী/পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আইন ও শৃংখলা/উন্নয়ন জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০০৮৪৯

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.২০.০০১.২০২৩- ৪৭৮/৮(৪)

তারিখঃ ০৫ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১৮ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৮/০৪/২০২৩

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব